বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)
হাউজ # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০

বিজ্ঞপ্তি নং-বিজিএ/ইনসিওরেন্স/২০২৫/ 258      ২২ নভেম্বর ২০২৫

## রপ্তানি প্রক্রিয়াকরন অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত ফ্যাক্টরী সমূহের জন্য জরুরী বিজ্ঞপ্তি

**বিজিএমইএ'র সদস্যভূক্ত রপ্তানি প্রক্রিয়াকরন অঞ্চলে (ইপিজেড) অবস্থিত প্রতিষ্ঠান সমূহকে জানানো যাচ্ছে যে,** শ্রম বিধিমালা ২০১৫ এর বিধি ২১২ অনুযায়ী গঠিত কেন্দ্রীয় তহবিলে (আরএমজি) ১ জুলাই ২০১৬ হতে শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানের প্রতিটি কার্যাদেশের বিপরীতে প্রাপ্ত মোট রপ্তানি মূল্যের ০.০৩% হারে কর্তন করা হয়।

যেহেতু রপ্তানি প্রক্রিয়াকরন অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত সকল ফ্যাক্টরী হতে রপ্তানি মূল্যের ০.০৩% কেন্দ্রীয় তহবিলে প্রদান করা হয়না তাই ইপিজেড এ অবস্থিত যে সকল ফ্যাক্টরী হতে কেন্দ্রীয় তহবিলে ০.০৩% প্রদান করা হয়না সে সকল ফ্যাক্টরী কেন্দ্রীয় তহবিল হতে শ্রমিকদের মৃত্যুদাবীর ক্ষতিপূরন, চিকিৎসা সহায়তা, শ্রমিক এবং শ্রমিকের সন্তানের শিক্ষা সহায়তা পাওয়ার যোগ্য নয়। যদি কোন ফ্যাক্টরী কেন্দ্রীয় তহবিলে ০.০৩% প্রদানের উপযুক্ত দলিলাদি উপস্থাপন করতে পারে সেই ফ্যাক্টরী কেন্দ্রীয় তহবিল হতে শ্রমিকদের প্রদানকৃত সকল সহায়তা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

**বর্নিত অবস্থায়,** ইপিজেড এর আওতাধীন ফ্যাক্টরী সমূহকে শ্রমিকদের মৃত্যুদাবী, চিকিৎসা সহায়তা, শ্রমিক এবং শ্রমিকের সন্তানের শিক্ষা সহায়তার আবেদন বিজিএমইএ তে প্রেরন না করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। তবে যে সকল ফ্যাক্টরী কেন্দ্রীয় তহবিলে ০.০৩% প্রদান করে তারা উপযুক্ত প্রমানসহ আবেদন করতে পারে।

22/11/25

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
**ভারপ্রাপ্ত সচিব**